

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং-২৫/২০১৬
সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,


তারিখঃ ০৮/০৫/২০১৬খ্রিঃ

সতর্কিকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য/সদস্যদের জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক কালে বন্দর অভ্যন্তরে চুরি/ছিনতাই অস্বাভাবিকহারে বৃদ্ধি পেয়েছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা দ্রুত বন্ধ করার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে। তার মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে অননুমোদিত ব্যক্তিদের বন্দর অভ্যন্তরে প্রবেশ রোধ এবং অবৈধভাবে অনুপ্রবেশকারীদের আটক করে শাস্তি প্রদান করা।

বিষয়টির গুরুত্ব বিবেচনা করে সম্মানিত সদস্য/সদস্য এবং তাঁদের প্রতিনিধিদের বৈধ Proximity Card / গেইট পাশ ব্যতিত বন্দর অভ্যন্তরে প্রবেশ না করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। বৈধ আইডি কার্ড বা গেইট পাশ না থাকার কারণে বন্দর অভ্যন্তরে আটক করা হলে, Mobile Court কর্তৃক জরিমানা আরোপ বা কারাদণ্ড প্রদান করা হতে পারে। সেক্ষেত্রে অত্র এসোসিয়েশনের পক্ষে কিছু করার সুযোগ থাকবে না।

ধন্যবাদান্তে,



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক